

চাকরি জাতীয়করণের দাবি
শিক্ষক কর্মচারী
ঐক্যজোটের
আন্টিমেটাম

আসন্ন বাজেটের পূর্বে চাকরি জাতীয়করণসহ অন্যান্য দাবিতে আন্টিমেটাম দিচ্ছে শিক্ষক কর্মচারী ঐক্যজোট। সম্প্রতি জোটের জাতীয় নির্বাহী কমিটির এক সভায় এ দাবি জানানো হয়। যুগান্তের চেয়ারম্যান অধ্যক্ষ মো. সেলিম হুইচার সভাপতিতে রাজধানীর ও কে ফুদ এড কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মহাপতিব চৌধুরী মুনীরউদ্দিন মাহমুদ, যুগ-চেয়ারম্যান প্রিন্সিপাল রেজাউল করিম, মাওলানা মো. মোস্তাফিজ হোসেন, মো. জাকির হোসেন, অধ্যক্ষ সামসুদ হকসহ জেলা পর্যায়ের সভাপতি ও সম্পাদকবৃন্দ।

সভায় বলা হয়, ৩০ জুনের মধ্যে চাকরি জাতীয়করণের ঘোষণা না দেয়া হলে পহেলা জুলাই থেকে মাসব্যাপী বাংলাদেশ শিক্ত সমিতি ও বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতিসহ অন্যান্য সংগঠনের উদ্যোগে জেলা পর্যায়ে সমাবেশ করা হবে। অন্যদিকে আগষ্ট মাস জুড়ে একই ধরনের কর্মসূচি পালন করবে শিক্ষক কর্মচারী ঐক্যজোট। এছাড়া বিভাগীয় পর্যায়ে ৭ সেপ্টেম্বর বরিশাদ, ১৪ সেপ্টেম্বর রাজশাহী, ১৫ সেপ্টেম্বর রংপুর, ২১ সেপ্টেম্বর চট্টগ্রাম, ২৪ সেপ্টেম্বর খুলনা, ৩০ সেপ্টেম্বর সিলেট ও ৩ অক্টোবর ঢাকায় সমাবেশ করার ঘোষণা দেয়া হয়েছে। -প্রেস বিজ্ঞপ্তি